...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
প্রশাসন শাখা

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	নাসরীন আফরোজ ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	২৩ আগস্ট ২০২০ খ্রি:
সভার সময়	রাত: ০৮.০০ টায়
স্থান	অনলাইনে zoom apps এর মাধ্যমে
উপস্থিতি	“ক”

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। 'সমন্বিত উপবৃত্তি কর্মসূচি' (HSP) ট্রাস্টে স্থানান্তরের পর প্রথমবারের মতো HSP-এর সকল কর্মকর্তা/কর্মচারী ট্রাস্টের মাসিক সমন্বয় সভায় অংশগ্রহণ করেন। সভাপতি তাঁদের সকলকে ট্রাস্টের সকল কর্মকর্তা/কর্মচারীর সাথে পরিচয় করিয়ে দেন।

২। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক, (প্রশাসন) গত ২৩ জুলাই ২০২০ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

৩। সভায় বিভিন্ন বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রমিক নং	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	সহকারী পরিচালক (উপবৃত্তি) সভায় জানান, অগ্রণী ব্যাংক থেকে প্রেরিত ১০টি কলেজের ৯৪৮ জন শিক্ষার্থীর বিকাশ একাউন্টে অর্থ প্রেরণের সিদ্ধান্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে। ইতোমধ্যে প্রোগ্রামার উক্ত শিক্ষার্থীদের তথ্য Random যাচাই-বাছাই করেছেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	১০ টি কলেজের শিক্ষার্থীর বিকাশ একাউন্টে অর্থ প্রেরণের পূর্বে উক্ত ১০ টি কলেজের অধ্যক্ষ বরাবর পত্র প্রেরণ করে সঠিকতা যাচাই করতে হবে।	সহকারী পরিচালক (উপবৃত্তি)

২.	সভাপতি বলেন ই-নথি কার্যক্রমে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট অনেক পিছিয়ে আছে। সমন্বিত উপবৃত্তি কর্মসূচি (HSP) এর কর্মকর্তা/কর্মচারীগণ ই-নথিতে কাজ না করায় ই-নথির উপর একটি কর্মশালা আয়োজনের বিষয়ে আলোচনা হয়।	ক) প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট ও HSP-এর কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে ই-নথির উপর ০২ (দুই) দিনব্যাপী একটি কর্মশালার আয়োজন করা হবে। খ) ট্রাস্টের অভ্যন্তরীণ প্রশিক্ষণ কার্যক্রম শুরু করতে হবে।	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)/ প্রোগ্রামার
৩.	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের "ব্যবস্থাপনা পরিচালকের স্বেচ্ছাধীন তহবিল" পরিচালনার খসড়া নীতিমালা প্রণয়নের বিষয়ে আলোচনা হয়।	ট্রাস্টের সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ সংশ্লিষ্ট বিধিবিধান অনুসরণপূর্বক "ব্যবস্থাপনা পরিচালকের স্বেচ্ছাধীন তহবিল" পরিচালনার খসড়া নীতিমালা অতি জরুরীভিত্তিতে প্রণয়ন করবেন।	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
৪.	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের অফিস সহায়কের ০৭ (সাত) টি পদ সৃজন এবং বিভিন্ন ক্যাটাগরির শূন্য পদে নিয়োগ কার্যক্রম শুরু করার বিষয়ে আলোচনা হয়।	ক) পদ সৃজনের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে পত্র প্রেরণ করতে হবে। খ) ব্যক্তিগত সহকারী ০১ (এক) টি, হিসাবরক্ষক ০১ (এক) টি এবং ড্রাইভারের ০১ (এক) টি শূন্য পদে নিয়োগ কার্যক্রম শুরু করার জন্য আগামী ০৩ সেপ্টেম্বর ২০২০ তারিখে সভা আহবান করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)
৫.	সভাপতি জানান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের সমন্বয় সভা প্রতি মাসের ১০ তারিখের মধ্যে অনুষ্ঠিত হবে। সে মোতাবেক মন্ত্রণালয়ের সমন্বয় সভা অনুষ্ঠানের কাছাকাছি সময়ে ট্রাস্টের সমন্বয় সভার তারিখ নির্ধারণের বিষয়ে আলোচনা হয়।	এখন থেকে ট্রাস্টের মাসিক সমন্বয় সভা প্রতি মাসের ০৮ অথবা ১২ তারিখে অনুষ্ঠিত হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)
৬.	সমন্বিত উপবৃত্তি কর্মসূচি (HSP) এর পরিচালক সভায় জানান, HSP এবারই প্রথম অনলাইনে উপবৃত্তি কার্যক্রম চালু করেছে।	প্রথমবার অনলাইনে উপবৃত্তি কার্যক্রম চালু করার কারণে মাঠ পর্যায়ে যে সকল সমস্যা সৃষ্টি হবে তা সবাই মিলে আলোচনার মাধ্যমে সমাধান করতে হবে।	উপ-পরিচালক (HSP)

৭.	সমন্বিত উপবৃত্তি কর্মসূচি (HSP) এর পরিচালক সভায় জানান, HSP-এ প্রেষণে পদায়নযোগ্য প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামারের পদ দুটি শূন্য আছে। উক্ত পদসমূহে পদায়নের বিষয়ে আলোচনা হয়।	HSP-এর প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামার পদে জনবল পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে পত্র প্রেরণ করতে হবে।	উপ-পরিচালক (HSP)

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাসরীন আফরোজ
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০১.০৬.০০২.১৮.১০৭

তারিখ: ১০ ভাদ্র ১৪২৭
২৫ আগস্ট ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) প্রকল্প পরিচালক, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি (HSP)
২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩) উপ-পরিচালক, উপ-পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৪) উপ-পরিচালক, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি (HSP)
৫) সহকারী পরিচালক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৬) সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৭) সহকারী পরিচালক , প্রশাসন শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৮) সহকারী পরিচালক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৯) প্রোগ্রামার , এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১০) সহকারী প্রোগ্রামার , এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১১) হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১২) ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৩) ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৪) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৫) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৬) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৭) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৮) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৯) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

২০) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, প্রশাসন শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
২১) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

RJahan
রেজওয়ানা আক্তার জাহান
সহকারী পরিচালক